

(২)

এজন্য আমন চাষীদের প্রতি হেক্টরে সহায়তা করা হবে। রাজ্যের ফুলচাষীদের ফুল চাষে উৎসাহিত করতে রাজ্যে ইন্দো-ডাচ প্রকল্পে সহায়তা করা হচ্ছে। লেঙ্গুছড়ায় ফুল চাষের সেন্টার অব এক্সিলেন্সএর ব্যবস্থা করা হচ্ছে। পাশাপাশি বীরচন্দ্রমনুতে সবজির এই ধরনের সেন্টার অব এক্সিলেন্স গড়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী পুষ্প উদ্যান প্রকল্পে বিভিন্ন ধরনের ফুল চাষের জন্য ৩৯০.৩০ হেক্টর জায়গা চিহ্নিত করা হয়েছে। রাজ্যের প্রায় ১২৯.২৫ হেক্টর এলাকায় পাম চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তিনি বলেন, রাজ্যে জৈব পদ্ধতিতে চাষাবাদের জন্য প্রায় ২০ হাজার ১৬১ হেক্টর এলাকাকে চিহ্নিত করা হয়েছে। মুখ্যমন্ত্রী পরিবার যোজনায় কৃষকদের সহায়তা করার কথাও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, ধলাই জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রটি উত্তর পূর্বাঞ্চলের অন্যতম শ্রেষ্ঠ কৃষি বিজ্ঞান কেন্দ্র হিসেবে পুরস্কৃত হয়েছে। অনুষ্ঠানে বিধায়ক মীনারানী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী, সহকারী সভাপতি বিশ্বজিৎ শীল, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায় প্রমুখ উপস্থিত ছিলেন।
